দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 27 1999 ... ...
পৃঃ ৭ কলাম ৫ ......

৪৭

# বেসরকারি উদ্যোগে নির্মিত স্কুল ভবনের উদ্বোধন

(জেলা বার্তা পরিবেশক)

সৈয়দপুর, ১৬শে ফেব্রুয়ারি।- সৈয়দপুর সানফ্লাওয়ার হাইস্কুলের নবনির্মিত একাডেমিক ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। উদ্বোধন করেন উক্ত ভবন নির্মাণে অর্থ সহায়তাকারী ও বিশিষ্ট শিল্পপতি আবদুল মহিত ও বেগম মহিত। ভবনটি নির্মাণে ব্যয় হয় প্রায় দু' লাখ টাকা।

গত ২৪শে জানুয়ারি এ উপলক্ষে স্কুল চত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্কুল কমিটির সভাপতি আমিনুল হকের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে বক্তৃতা করেন স্থানীয় পৌর চেয়ারম্যান আমজাদ হোসেন সরকার, স্কুলের অধ্যক্ষ সাবেক জেলা শিক্ষা অফিসার বাশির মিয়া ও সাবেক উপজেলা চেয়ারম্যান আবদুল হামিদসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ। বক্তাগণ শিক্ষা প্রসারে সহায়তা দেয়ার জন্য শিল্পপতি আবদুল মহিতের প্রশংসা করে গ্রামগঞ্জে অনুরূপভাবে অর্থ সহায়তার জন্য অন্যান্য ধনী ব্যক্তি প্রতিও আহ্বান জানান।